

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 08-01-2026
Time : 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Census -2027 notificaitation:

কেন্দ্র ২০২৭ সালের ভারতের আদমশুমারির প্রথম পর্যায়ের জন্য বিজ্ঞপ্তি জারি করেছে। এই বছরের ১এপ্রিল থেকে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত সমস্ত রাজ্য এবং কেন্দ্র শাসিত অঞ্চলে বাড়ি তালিকাভুক্তির কর্মসূচি পরিচালিত হবে, রাজ্য কেন্দ্রশাসিত অঞ্চলে নির্ধারিত ৩০ দিনের মধ্যে স্বরাষ্ট্র মন্ত্রকের জারি করা বিজ্ঞপ্তিতে, প্রতিটি রাজ্য /কেন্দ্রশাসিত অঞ্চলে বিজ্ঞাপিত সময়সূচী অনুসারে বাড়ি থেকে বাড়ি তালিকাভুক্ত শুরু হওয়ার ১৫ দিন আগে সব-গণনার ব্যবস্থা করা হবে। আর এটাই হবে দেশের প্রথম ডিজিটাল পদ্ধতিতে আদমশুমারি যেখানে এন্ড্রয়েড এবং IOS উভয় সংস্করণের জন্য পাওয়া এই আদমশুমারি পরিচালিত হবে। প্রথম ধাপে গৃহ তালিকাভুক্তি এবং ঘরগণনা হবে- এপ্রিল থেকে সেপ্টেম্বর, ২০২৬ এর মধ্যে এবং দ্বিতীয় ধাপে জনসংখ্যা গণনা (PE) হবে ফেব্রুয়ারী ২০২৭। কেন্দ্র শাসিত অঞ্চল লাদাখ এবং কেন্দ্রশাসিত অঞ্চল জম্মু ও কাশ্মীর এবং হিমাচল প্রদেশ ও উত্তরাখণ্ড রাজ্যের তুষারাবৃত অ-সমান্তরাল অঞ্চল গুলির জন্য জনসংখ্যা গণনা এই বছরের সেপ্টেম্বরে পরিচালিত হবে।

India-Israel relation:

ভারত ও ইজরায়েল সকল প্রকার সন্ত্রাসবাদের বিরুদ্ধে জিরো- টলারেঞ্জ বা শূন্য সহনশীলতা নীতি পুনর্ব্যক্ত করেছে। উভয় দেশই এই হুমকির বিরুদ্ধে লড়াই করার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল ইজরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুর সঙ্গে দূরভাষ যোগে দু,দেশের সম্পর্ক আরো জোরদার করার উপায় নিয়ে আলোচনা করেছেন। কথোপকথনের

সময় উভয় নেতাই ভারত-ইজরায়েল কৌশলগত অংশীদারিত্বকে আরো জোরদার করার জন্য অভিন্ন গনতান্ত্রিক মূল্যবোধ গভীর পারস্পরিক বিশ্বাস এবং এক সুদূর প্রসারী ভাবনায় পরিচালিত অগ্রাধিকার গুলি চিহ্নিত করেছেন। উভয় নেতা ইংরেজী নববর্ষের শুভেচ্ছা বিনিময় করে দু,দেশের জনগনের শান্তি ও সমৃদ্ধি কামনা করেছেন।

CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যে পরিকাঠামো উন্নয়নের কাজে প্রবাসীদেরও যুক্ত করতে হবে। এতে প্রবাসীরা রাজ্যে শিল্পক্ষেত্রে বিনিয়োগে উৎসাহিত হবেন। গতকাল সচিবালয়ে বিভিন্ন দপ্তরের বিভিন্ন প্রকল্পের কাজের অগ্রগতি বিষয়ে এক উচ্চপর্যায়ের বৈঠকে তিনি একথা বলেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আত্মনির্ভর ভারত গড়ার অঙ্গ হিসেবে পরিকাঠামোগত উন্নয়নেও বিশেষ জোর দিয়েছেন।

Union Minister :

কেন্দ্রীয় জনজাতি বিষয়ক প্রতিমন্ত্রী দুর্গাদাস উইকে গতকাল আগরতলায় সচিবালয়ে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সঙ্গে সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন। সাক্ষাৎকালে উভয়ের মধ্যে জনজাতিদের স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা হয়। মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় প্রতিমন্ত্রীকে জানান, কেন্দ্রীয় সরকারের সহযোগিতায় রাজ্য সরকার জনজাতিদের সার্বিক উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী গতকালই দক্ষিণ জেলার বীরচন্দ্রমনু একলব্য আদর্শ আবাসিক বিদ্যালয়ে রাজ্যের জনজাতি অংশের জনগণের নিত্য ব্যবহার্য পোষাক, খাদ্য সামগ্রী সহ নানা সামগ্রী নিয়ে তৈরি ট্রাইবেল কর্নারের

উদ্বোধন করেন। তিনি বলেন, প্রাকৃতিক ভারসাম্য বজায় রাখার ক্ষেত্রে জনজাতিরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছেন।

Makar Sankranti :

কৈলাশহরে অবস্থিত শৈবতীর্থ উনকোটিতে আগামী ১৩ এবং ১৪ই জানুয়ারি ঐতিহ্যবাহী মকর সংক্রান্তি মেলা অনুষ্ঠিত হবে। এ বিষয়ে গতকাল কৈলাশহরের মহকুমা শাসক কার্যালয়ে প্রস্তুতি বৈঠক অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, গৌরনগর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান মোঃ বদরুজ্জামান, SDM এস, কার্জন হালাম প্রমুখ।

First Tripura :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির প্রচেষ্টায় ব্যবসার ক্ষেত্রে সংস্কারের ফলে বিভিন্ন রাজ্যে শিল্পে বিনিয়োগের আকর্ষণ বেড়েছে। জমি, নির্মাণ, পরিষেবা প্রভৃতি ক্ষেত্রে এবং শিল্প ও ব্যবসা ক্ষেত্রে সিঙ্গেল ইউন্ডো সিস্টেম গ্রহণের ফলে ব্যবসায়িক সংস্কারের ক্ষেত্রে ত্রিপুরা সারা দেশে প্রথম স্থান অধিকার করেছে। গত ১ বছরে ত্রিপুরায় প্রায় ১৫ হাজার কোটি টাকা বিনিয়োগের আগ্রহ প্রকাশ করেছে বিনিয়োগকারীরা। ইতিমধ্যে ৬৮টি প্রকল্পে ৪ হাজার কোটি টাকারও বেশি বিনিয়োগ হয়েছে।

Road safety :

জাতীয় সড়ক নিরাপত্তা মাস উদযাপন উপলক্ষে গতকাল ট্রাফিক ইউনিটের পক্ষ থেকে সড়ক নিরাপত্তা সম্পর্কিত সচেতনতা গাড়ির যাত্রা শুরু করা হয়েছে। ট্রাফিক পুলিশ ইউনিটের এসআই অমল দত্ত জানিয়েছেন, আগামী ৩১ জানুয়ারি পর্যন্ত এই গাড়ি আগরতলা পুর নিগম এলাকার বিভিন্ন পথে ঘুরে সচেতনতা গড়ে তোলার কাজ করবে।

Pilak Festival :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেজিড নাল্লু গতকাল দক্ষিণ জেলার জোলাইবাড়ি ব্লকের পশ্চিম পিলাক দ্বাদশ স্কুল মাঠে তিনদিন ব্যাপী পিলাক প্রহ্ন ও পর্যটন উৎসবের উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে রাজ্যপাল বলেন, পিলাক সভ্যতার নিদর্শনগুলি অভিনব। ঐতিহাসিক দিক থেকেও পিলাকের গুরুত্ব অপরিসীম। উদ্বোধনী অনুষ্ঠান শেষে রাজ্য সরকারের ১১টি দপ্তরের উন্নয়নমূলক কাজকর্মের খতিয়ান ও সচেতনতার বার্তাবাহী প্রদর্শনী মন্ডপের ফিতা কেটে প্রদর্শনী মন্ডপ গুলি ঘুরে দেখেন রাজ্যপাল সহ অনুষ্ঠানের অতিথিরা।
